দৈনিক সংবাদ

68

তারিখ ... ... MAR. 2 0 2000 ...
পৃষ্ঠা 8 ... কলাম 7 ......

## প্রসঙ্গঃ একটি মানপত্র ও শিক্ষাদানের দৈন্যদশা

গত ২৭.০২.২০০০ মুন্সিগঞ্জ সদরে অবস্থিত চাম্পাতলা উচ্চ বিদ্যালয়ে ২০০০ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান হয়ে গেল। তাতে বিদায়ী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীগণ যৌথভাবে একটি মানপত্র তৈরি করে এবং তা পাঠ করে দ[illegible]ণীর এক শিক্ষার্থী। মানপত্রটি ছিল ভুল বানানে ভরা এবং ভাষার গুরুচণ্ডালী। মানপত্রে যে সব ভুল পরিলক্ষিত হয় তা হলো ঃ স্মরণ বানানে 'স্বরণ', স্মৃতি বানানে 'সৃতি', পরিণাম বানানে 'পরিনাম', লক্ষ্য বানানে 'লক্ষ', সূর্য বানানে 'সূর্য্য', পূত বানানে 'পুত' এবং অধ্যয়ন বানানের স্থলে 'অধ্যায়ন'। বাক্যের গাঁথুনি ছিল অতি দুর্বল ও অসঙ্গত-যা পাঠ করে অনুষ্ঠানটিই মাটি করে দেয়। উক্ত অনুষ্ঠানে প্রধান শিক্ষক বা ম্যানেজিং কমিটির কোন সদস্যাই উপস্থিত ছিলেন না।

বিদ্যালয়ের লেখাপড়ার মান যে কত নিম্নপর্যায়ে এসেছে তা সহজেই অনুমেয়। এতে আরো প্রমাণ করে, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাসটিকে এমনকি '৫২ সালের ভাষা শহীদদের আত্মার প্রতি চরম অবমাননা করা হয়েছে। এ ন্যক্কারজনক ব্যাপারটি দেখারও কেউ ছিল না। ধিক! প্রধান শিক্ষক। ধিক! ম্যানেজিং কমিটি। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু পদক্ষেপ কামনা করছি।

আলী আশরাফ
কলেজ রোড, মুন্সিগঞ্জ।
কোড-১৫০০।